

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ শীর্ষক প্রকল্প  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।  
www.ddm.gov.bd



স্মারক নং- ৫১.০১.০০০০.০২৪.১৪.০০৬.১৯- ১১৩২

তারিখ: ২৮/০১/২০২২খ্রি.

প্রেরক : মোঃ ইসমাইল হোসেন  
উপপ্রকল্প পরিচালক

প্রাপক : ১। উপজেলা নির্বাহী অফিসার, পীরগাছা, রংপুর।  
২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগাছা, রংপুর।

বিষয়: বার্ষিক উন্নয়ন কর্মসূচির ২০২১-২০২২ অর্থ বৎসরে গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় রংপুর জেলার পীরগাছা উপজেলার অনুমোদিত দরপত্র দলিল, নক্সা ও প্রাক্কলন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচির ২০২১-২০২২ অর্থ বৎসরে গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় রংপুর জেলার পীরগাছা উপজেলায় নিম্নে বর্ণিত ০৪(চার)টি সেতু নির্মাণের লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ২,৮৩,৫০,২০৬.০০ (দুই কোটি তিরিশি লক্ষ পঞ্চাশ হাজার দুইশত ছয় টাকা মাত্র) প্রাক্কলন, দরপত্র দলিল ও নক্সার ০১(এক) প্রস্থ পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সেতু নং	গৃহীত সেতুর নাম	দৈর্ঘ্য (মিটার)	প্রাথমিকভাবে প্রাক্কলিত অর্থের পরিমাণ
৬৮৪৩	বিরবিরিয়া মৌজায় বিরবিরিয়া হতে আরাজী দেবু সংপ্রাঃবিঃ যাওয়ার রাস্তায় কাট নদীর উপর সেতু নির্মাণ (তাখুলপুর ইউপি)	১৫	৭০,৯৮,৪৯৬.০০
৬৮৪৪	তালুক কান্দি মৌজার খড়া নদীর উপর গার্ডার ব্রিজ নির্মাণ।(কান্দি ইউপি)	১৫	৭২,০৬,১৬৯.০০
৬৮৪৫	পশ্চিম পরান মৌজার কিসামত বিনিয়া সরকারী প্রাঃ বিদ্যালয়ের দক্ষিণ পার্শ্ব মহর দারীয়ার ভাঙ্গার উপর গার্ডার ব্রিজ নির্মাণ।(তাখুলপুর ইউপি)	১৫	৭০,০৭,৬৭০.০০
৬৮৪৬	সোম নারায়ণ মৌজার ধলখানা খালের উপর সেতু নির্মাণ (ইটাকুমারী ইউপি)	১৫	৭০,৩৭,৮৭১.০০
মোটঃ			২,৮৩,৫০,২০৬.০০

- ০২। উল্লেখ্য, এ লক্ষ্যে ১৪-০১-২০২২ খ্রি. "NEW AGE" এবং ১৫-০১-২০২২খ্রি. "দৈনিক বাংলাদেশ প্রতিদিন" ও "দৈনিক আমাদের নতুন সময়" পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। বিধি মোতাবেক সকল কার্যক্রম (যেমন- দরপত্র বিক্রি ও গ্রহণ, দরপত্র খোলা, দরপত্র মূল্যায়ন, ঠিকাদার নিয়োগ ও কার্যাদেশ প্রদান) সংশ্লিষ্ট উপজেলা কমিটি কর্তৃক গ্রহণ করতে হবে। দরপত্র গ্রহণ ও ঠিকাদার নিয়োগসহ এতদসংক্রান্ত যাবতীয় কার্যক্রম পি.পি.এ-২০০৬ ও পি.পি.আর-২০০৮ (এর সর্বশেষ সংশোধনসহ) অনুযায়ী সম্পন্ন করতে হবে। উন্মুক্তকরণ কমিটি কর্তৃক প্রস্তুতকৃত উন্মুক্তকরণ তালিকা (Tender Opening Sheet) এর কপি, দরপত্রের তুলনামূলক বিবরণী ও সিডিউল বিক্রির অর্থ চালানের মাধ্যমে জমা দানের কপি (প্রতিদিন) প্রকল্প অফিসে প্রেরণ করতে হবে;
- ০৩। চুক্তি স্বাক্ষরের সময় নির্বাচিত ঠিকাদার কর্তৃক Wark Plan (কর্মপরিকল্পনা) গ্রহণ পূর্বক ০৭(সাত) দিনের মধ্যে সেতুর নির্মাণ কাজ শুরু করতে হবে;
- ০৪। সর্বশেষ ৩০ মে' ২০২২খ্রি. তারিখের মধ্যে সেতু নির্মাণের কাজ সম্পূর্ণভাবে শেষ করে ৫ জুন' ২০২২খ্রি. তারিখের মধ্যে চূড়ান্ত প্রাক্কলন প্রকল্প অফিসে অনুমোদনের জন্য দাখিল করতে হবে। ডিপিপি'র নির্দেশানুযায়ী সর্বশেষ কিস্তির অর্থ চূড়ান্ত প্রাক্কলন অনুমোদনের পরই ছাড় করা হবে;
- ০৫। ২০২১-২০২২ অর্থ বছরের মধ্যে ঠিকাদারের চূড়ান্ত বিল পরিশোধের ব্যবস্থা নিতে হবে;
- ০৬। ৩০ জুন' ২০২২খ্রি. তারিখের পর প্রকল্পের অব্যয়িত/অনুলোভিত সমুদয় অর্থ তামাদি হয়ে যাবে।
- ০৭। বাস্তবতার আলোকে প্রাথমিকভাবে প্রাক্কলিত অর্থের পরিমাণ (NOA) প্রদানের পরেও কম-বেশী হতে পারে।

বিষয়টি অতীত জরুরী।

মোঃ ইসমাইল হোসেন  
উপপ্রকল্প পরিচালক  
ফোন: ০২-৪৮৮১০৬২৫

ই-মেইল: [dpdbridge@ddm.gov.bd](mailto:dpdbridge@ddm.gov.bd)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:-

- ০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।  
০২। জেলা প্রশাসক, রংপুর।  
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর।  
০৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।  
০৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, রংপুর।  
০৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রংপুর।  
০৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পীরগাছা, রংপুর।  
০৮। সংরক্ষণ নথি।